গাংনীর কাথুলী ইউপি চেয়ারম্যান প্রার্থী মিজানুর রহমান রানা’র মনোনয়ন পত্র জমা

আগামী ১১ ই নভেম্বর অনুষ্ঠিতব্য মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়ন পত্র জমা দিয়েছেন বর্তমান চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক মোঃ মিজানুর রহমান রানা। শনিবার দুপুর ২ টায় গাংনী উপজেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মোঃ আব্দুল আজিজের কাছে মনোনয়ন পত্র জমা দেন।
মনোনয়ন পত্র জমাদান শেষে তিনি সাংবাদিকদের বলেন, অতীতের মতো ভবিষ্যতেও উন্নয়নের ধারা অব্যাহত রাখতে ও এলাকাবাসী প্রত্যাশার কারণে চেয়ারম্যান প্রার্থী হয়েছেন।
তিনি চেয়ারম্যান নির্বাচিত হলে কাথুলী ইউনিয়নের চলমান কাজ শেষ করবেন বলে আশা প্রকাশ করে ভোটার কর্মী সমর্থকদের দোয়া ও সমর্থন কামনা করেন।

চেয়ারম্যান পদপ্রার্থী আরমান আলীর মটরসাইকেল শোভাযাত্রায় জনতার ঢল

ইউপি নির্বাচনের হওয়া চলছে। দলীয় নেতা-কর্মীরাও চাঙ্গা হয়ে উঠেছেন। অনেকেই আগাম প্রচার-প্রচারণায় নেমেছেন। কেন্দ্রীয় নেতাদের সাথেও নিয়মিত লবিং চালিয়ে আসছেন নেতারা। যেকোন মূল্যে মনোয়ন পেতে চেষ্টা করছেন দলটির বিভিন্ন পর্যায়ের নেতারা।

সেক্ষেত্রে মেহেরপুর সদর উপজেলা নবগঠিত বারাদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোয়ন পেতে জোর প্রচেষ্টা চালাচ্ছেন আরমান আলী। একে বারে তৃনমূল থেকে ওঠে আসা এ নেতার জনপ্রিয়তা রয়েছে ছাত্র ও

যুব সমাজের মাঝে।

তিনি ১৯৭৩ সাল থেকে আওয়ামীলীগের একজন নিঃস্বার্থ কর্মী। তিনি ১৯৯৩ সাল হতে ২০১৬ থেকে বর্তমান তিনি ইউপি সদস্যর দায়িত্ব পালন করে আসছেন।

শুক্রবার বিকাল ৪ টার দিকে বারাদি ইউনিয়নের সর্বস্তরের মানুষ ও কয়েক হাজার নেতাকর্মী নিয়ে মোটর সাইকেল শোভাযাত্রা বের হয়। মোটরসাইকেল শোভাযাত্রাটি রাজনগর স্কুল মাঠ থেকে শুরু করে বারাদি, মোমিনপুর, কলাইডাঙ্গা, চৌগাছা, পাটকেলপোতা, দরবেশপুর, সিংহাটি, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, যুগিন্দাসহ ১৯ টি গ্রাম প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

মেহেরপুর সদর নবগঠিত বারাদি ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মী ও সাধারণ মানুষের কাছে ঐক্যের প্রতিক সদর উপজেলা আওয়ামী লীগের সদস্য ইউপি চেয়ারম্যান পদপ্রার্থী আরমান আলী সবার কাছে অধিক জনপ্রিয়। সদর উপজেলা বারাদি ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে শক্ত প্রার্থী হিসেবে আলোচনায় আছেন তিনি।

তিনি সদর উপজেলা আওয়ামী লীগের সদস্য ও ইউনিয়ন আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক পদেসহ তিন বারের ইউপি সদস্যর হিসেবে দায়িত্ব পালন করছেন। নবগঠিত বারাদি ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে মনোনয়ন প্রত্যাশী আরমান আলী সকলের নিকট দোয়া কামনা করেছেন।

তৃতীয় ধাপে ১০০৭ ইউপি ও পৌরসভায় নির্বাচনের তফসিল ঘোষণা

দশম ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের তৃতীয় ধাপের তফসিল ঘোষণা করা হয়েছে। সারাদেশে এক হাজার সাতটি ইউনিয়ন পরিষদে ও ১০ টি পৌরসভায় ভোট হবে ২৮ নভেম্বর।

নির্বাচন ভবনের সভাকক্ষে বৃহস্পতিবার দুপুরে প্রধান নির্বাচন

কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সভাপতিত্বে কমিশনের ৮৭তম বৈঠকে ভোটের তারিখ নির্ধারণ করা হয়। কমিশন সভা শেষে ইসি সচিব হুমায়ুন কবীর খোন্দকার তফসিল ঘোষণা করেন।

এতে বলা হয়, এসব ইউনিয়ন ও পৌরসভায় মনোনয়ন দাখিল হবে ২ নভেম্বর। বাছাই ৪ নভেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহার ১১ নভেম্বর। ভোট হবে ২৮ নভেম্বর।

ইতোমধ্যে প্রথম ধাপে ৩৬৯ ইউপিতে ভোটগ্রহণ করেছে ইসি। দ্বিতীয় ধাপে ৮৪৮ ইউপিতে ভোট হবে আগামী ১১ নভেম্বর ভোট হবে।

প্রসঙ্গত, দেশে চার হাজার ৫৭১টি ইউনিয়ন পরিষদ রয়েছে। এর মধ্যে সাড়ে চার হাজার ইউপিতে নির্বাচন অনুষ্ঠিত হবে। বাকিগুলো মামলা জটিলতার কারণে নির্বাচন আটকে রয়েছে।

দেশ স্বাধীন হওয়ার পর থেকে ইতোমধ্যে নয় বার ইউপি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে ১৯৭৩ সালে প্রথম ইউপি নির্বাচন এবং সর্বশেষ ২০১৬ সালে নবম ইউপি নির্বাচন অনুষ্ঠিত হয়। এছাড়াও ১৯৭৭, ১৯৮৩, ১৯৮৮, ১৯৯২, ১৯৯৭, ২০০৩, ২০১১ ইউপি নির্বাচন হয়েছে। চলতি ২০২১ সালে জুন জুলাই মাসে অনুষ্ঠিত হচ্ছে দশম ইউপি নির্বাচন। সর্বশেষ ২০১৬ সালের ১১ ফেব্রুয়ারি প্রথম বারের মতো দলীয় প্রতীকে নবম ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। ২০১৬ সালের ২২ মার্চ থেকে ৪ জুন পর্যন্ত ছয় ধাপে চার হাজার ২৭৫টি ইউপি নির্বাচন অনুষ্ঠিত হয়।

রেজাউর রহমান নান্নুকে গণসংবর্ধনা দিতে জনতার ঢল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদের দ্বিতীয় ধাপের নির্বাচন আগামী ১১ নভেম্বর। মহাজনপুর ইউনিয়নে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত চেয়ারম্যান প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নুকে।

গত রবিবার রাতে তাকে দলীয় মনোনয়ন দেওয়া হয়। ঢাকা থেকে মনোনয়ন নিয়ে নিজ এলাকায় আসলে বুধবার বিকালে আমঝুপি থেকে এক মোটরসাইকেল শোভাযাত্রা নিয়ে রেজাউর রহমান নান্নুকে ফুলের মালা দিয়ে বরণ করা হয়।

এর পর শোভাযাত্রাটি মেহেরপুর শহর প্রদক্ষিন করে মহাজনপুর ইউনিয়নের কোমরপুর বাজারে গিয়ে শেষ হয়।

শোভাযাত্রা পরবর্তীতে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও মুক্তিযোদ্ধা সংগঠক মরহুম আব্দুল মান্নান মাস্টারের কবর জিয়ারতের শেষে কোমরপুর বাজারে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশীদ বল্টুর সভাপতিত্বে বক্তব্য রাখেন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও নৌকার প্রার্থী মো. রেজাউর রহমান নান্নু, মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও সাবেক সাধারণ সম্পাদক এবং মেহেরপুর আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মো. মাহফুজুর রহমান রিটন, বাংলাদেশ কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহ সভাপতি অ্যাড. আব্দুস সালাম, মরহুম আব্দুল মান্নান মাস্টারের ছোট ছেলে যাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো. মোস্তাফিজুর রহমান টিপু, মেহেরপুর সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক আল মামুন, মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক আরিফুর রহমান আরিফ, মহাজনপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আরিফুল হক মিঠু প্রমূখ।

পথসভায় বক্তারা বলেন, আমাদের নৌকা চুরি হয়ে গিয়েছিল। প্রধানমন্ত্রী বিষয়টি অবগত হয়ে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করে আমাদের নৌকা ফিরিয়ে দিয়েছেন। জননেত্রী শেখ হাসিনা রেজাউর রহমান নান্নুর হাতে নৌকা প্রতীক তুলে দিয়েছেন তাই আসুন আমরা সকল ভেদাভেদ ভুলে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে মুজিবনগর উপজেলার সকল নৌকা প্রতীকের প্রার্থীকে বিজয়ী করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে সংগঠিত করি। নৌকা প্রধানমন্ত্রী নান্নুকে নয় মহাজনপুর বাসীকে নৌকা দিয়েছেন। নৌকা প্রতীককে বিজয়ী করে সে সম্মান রক্ষার দায়িত্ব আপনাদের।

এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ ও

ছাত্রলীগের নেতাকর্মীরা এসময় উপস্থিত ছিলেন। এসময় জয় বাংলা, জয় বঙ্গবন্ধু শ্লোগানে মুখরিত হয় চারদিক।

বাগোয়ান ইউনিয়নের নৌকার মনোনিত প্রার্থী কুতুবউদ্দীনকে গনসংবর্ধনা

আমি সারা জীবন স্বপ্ন দেখে এসেছি, বাংলাদেশের প্রথম রাজধানী খ্যাত মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত প্রথম সরকারের শপথ ভূমি, জাতির জনক বঙ্গবন্ধুর নামাঙ্কিত এই মুজিবনগর আওয়ামী লীগ হবে রাজাকারমুক্ত আওয়ামী লীগ।

আজ আমার সেই স্বপ্ন সফল হয়েছ। বুধবার বেলা চারটার সময় বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক বাগোয়ান ইউনিয়ন এর নৌকা প্রতীকের মনোনয়নপ্রাপ্ত কুতুব উদ্দিন মল্লিক এর গণসংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস।

তিনি আরো বলেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মানবতার মা জননী প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাগোয়ান ইউনিয়ন এর নৌকা প্রতীকের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে কুতুব উদ্দিন মল্লিক কে মনোনয়ন দিয়েছেন। আসুন আমরা সকল ভেদাভেদ ভুলে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে মুজিবনগর উপজেলার সকল নৌকা প্রতীকের প্রার্থীকে বিজয়ী করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে সংগঠিত করি।

বুধবার বেলা সাড়ে চারটার দিকে বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রতীকের মনোনয়ন প্রাপ্ত কুতুব উদ্দিন মল্লিক ও ঢাকা থেকে মনোনয়ন নিয়ে নিজ এলাকায় আসলে মুজিবনগর উপজেলার সীমান্ত মোনাখালী খেলার মাঠ হতে ইউনিয়নের হাজার হাজার জনতা বিশাল রেলি সহকারে তাকে বরণ করে নিয়ে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে স্মৃতিসৌধের মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে সেখানে একটি গণসংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এসময় বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগ ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মী এবং বিপুল সংখ্যক জনতা উপস্থিত ছিলেন।

প্রার্থী পরিবর্তন-মহাজনপুরে আ.লীগের প্রার্থী রেজাউর রহমান নান্নু

মেহেরপুর মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনিত প্রার্থী পরিবর্তন করা হয়েছে। গত শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভায় প্রার্থী চূড়ান্ত করা হয়।

পরে দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয়। সেই তালিকায় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আমাম হোসেন মিলু’র নাম আসে। সেই মনোনয়ন পরিবর্তন করে মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোঃ রেজাউর রহমানকে মনোনয়ন দেওয়া হয়েছে।

রবিবার রাতে আওয়ামীলীগের দলীয় মনোনিত প্রার্থীর তালিকা সংশোধন করে দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত বিজ্ঞপ্তি প্রকাশ করে। বিজ্ঞপ্তিতে জানানো হয় গতকাল ৯ অক্টোবর ২০২১ শুক্রবার বিকাল ৪ টায় গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ মনোনীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা দেশরত্ন শেখ হাসিনা এমপি‘র সরকারি গনভবনে অনুষ্ঠিত বাংলাদেশ আওয়ামী লীগের স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মনোনীত প্রার্থীদের ১টি তালিকা প্রকাশ করা হয়। প্রকাশিত তালিকায় অসাবধানতাবশত মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে মনোনীত প্রার্থীর পরিবর্তে ভূল নাম লিপিবদ্ধ হয়।

গাংনীতে ইউপি নির্বাচনে নৌকার দক্ষ পাঁচ মাঝি

দ্বিতীয় ধাপে মেহেরপুরের গাংনী উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদের নির্বাচন আগামী ১১ নভেম্বর অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে নির্বাচন কমিশন থেকে উপজেলার কাথুলী, তেঁতুলবাড়ীয়া,বামন্দী,মটমুড়া ও সাহারবাটী ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে।

তফসিল অনুযায়ী আগামী ১১ নভেম্বর এ ৫টি ইউনিয়ন পরিষদের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এগুলো হলো-কাথুলী, তেঁতুলবাড়ীয়া, বামন্দী, মটমুড়া ও সাহারবাটী ইউনিয়ন পরিষদ।

ঘোষিত তফসিল অনুযায়ী নির্বাচনের মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ অক্টোবর, মনোনয়নপত্র বাছাই ২০ অক্টোবর, বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ২১ থেকে ২৩ অক্টোবর, আপিল নিষ্পত্তি ২৪ ও ২৫ অক্টোবর, প্রার্থীতা প্রত্যাহার ২৬ অক্টোবর, প্রতীক বরাদ্দ ২৭ অক্টোবর।

নির্বাচনে গাংনী উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদের আওয়ামী লীগের মনোনিত প্রার্থী নির্বাচন করা হয়। এরা হলেন-কাথুলী ইউনিয়নে-ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেন, মটমুড়া ইউনিয়নে-ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হাশেম, তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে-সাবেক ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ-আল-মামুন, সাহারবাটী ইউনিয়নে-সাবেক ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা মরহুম বজলুল হকের ছেলে মশিউর রহমান, বামন্দী ইউনিয়নে- সাবেক ছাত্রলীগ নেতা এবং ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল।

মনোনয়নের বিষয়টি নিশ্চিত করেছেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক এবং গাংনী উপজেলার আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

প্রার্থীদের নাম প্রকাশের সাথে সাথে, এসব নির্বাচনী এলাকার মাঠে-ঘাটে, চায়ের দোকানে নির্বাচনী আলোচনা সরব অনেক। প্রার্থীর সমর্থনকারিরা আনন্দ মিছিলও করছেন।

দামুড়হুদা ইউপি নির্বাচনে আওয়ামী লীগের নৌকা পেলেন যারা

দামুড়হুদা উপজেলায় আগামী ১১ নভেম্বর দ্বিতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনিত প্রার্থীর তালিকা ঘোষণা করেছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ।

শনিবার (৯ অক্টোবর) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভা প্রার্থী চূড়ান্ত করা হয়।

পরে দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয়। এর মধ্যে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার ৪ টি ইউনিয়ন রয়েছে।

দামুড়হুদা উপজেলার ইউনিয়নে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের দলীয় (নৌকা) মনোনয়ন পেয়েছেন কার্পাসডাঙ্গায় কার্পাসডাঙ্গা-খলিলুর রহমান ভুট্টো, কুড়ুলগাছি ইউনিয়নে কাফিউদ্দীন টুটুল, দামুড়হুদা সদর ইউনিয়ন হযরত আলী,জুড়ানপুর ইউনিয়নে সোহরাব আলী।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পেলেন যারা

মেহেরপুর মুজিবনগর উপজেলায় আগামী ১১ নভেম্বর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগের দলীয় মনোনিত প্রার্থীর তালিকা ঘোষণা করেছে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ।

শনিবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আওয়ামী লীগের সংসদীয় মনোনয়ন বোর্ড ও স্থানীয় সরকার জনপ্রতিনিধি মনোনয়ন বোর্ডের যৌথসভা প্রার্থী চূড়ান্ত করা হয়। পরে দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রার্থী তালিকা চূড়ান্ত করা হয়।

নির্বাচনে নৌকার পক্ষে মুজিবনগর উপজেলায় আওয়ামীলীগের দলীয় মনোনয়ন পেলেন, মহাজনপুর ইউনিয়নে দলীয় মনোনয়ন পেয়েছেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আমাম হোসেন মিল, বাগোয়ান ইউনিয়নে পেয়েছেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারন সম্পাদক কুতুবউদ্দীন মল্লিক, মোনাখালীতে পেয়েছেন মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম (অপা) গাইন, দারিয়াপুরে পেয়েছেন দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন।

গাংনীর কাথুলী ইউনিয়নে নৌকার মাঝি হতে চায় ৭ জন

আগামী ১১ নভেম্বর মেহেরপুরের ৯টি ইউনিয়নের মধ্যে গাংনী উপজেলার ১নং কাথুলী ইউনিয়নে নির্বাচন অনুষ্ঠিত জবে। এ ইউনিয়নে নৌকা প্রতীক প্রত্যাশি ৭ জনের নাম জোরেশোরে শোনা যাচ্ছে। তফসিল ঘোষনার পর থেকে চালিয়ে যাচ্ছেন নির্বাচনি প্রচার প্রচারনা। কয়েকজন আবার তফসিল ঘোষনার পরপরই রঙিন পোষ্টার নৌকা প্রতীক দিয়ে ছাপিয়ে প্রচার চালাচ্ছেন।
তবে আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির কঠোর নির্দেশনা থাকায় বিগত নির্বাচনে নৌকার বিরুদ্ধে স্বতন্ত্র প্রার্থী হয়েছিলেন তাদের নাম কেন্দ্রে না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। এ নির্দেশনায় কাথুলী ইউনিয়ন থেকে ৭ জন নৌকা প্রত্যশী হলেও তার মধ্য ২০১৬ সালের স্থানীয় নির্বাচনে আওয়ামীলীগ থেকে শিহাব আলী নৌকা মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র হয়ে নির্বাচনে অংশ নিয়েছিলেন এবং তার প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ থেকে মনোনীত নৌকা প্রতীকের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সাথে ২৮৭ ভোটে পরাজয় লাভ করেন।

ইতোমধ্যে গত ২৯-০৯-২১ তারিখে তফসিলের পরেই শুরু হয়েছে প্রদ প্রার্থীদের জীবন বৃত্তান্ত জমা দেওয়ার পালা। এবারে চেয়ারম্যান প্রার্থীদের জীবন বৃত্তান্ত স্ব স্ব ইউনিয়নের সভাপতি, সাধারন সম্পাদকের বরাবর প্রেরনের তালিকায় এই ৭ জনের নাম পাওয়া গেছে। এবারে আওয়ামীলীগ থেকে কাথুলী ইউনিয়নের নৌকা প্রত্যশীদের নামের তালিকায় এই সাত জনকেই খুজে পাওয়া গেছে।
কাথুলী ইউনিয়নে নৌকার মনোনয়ন প্রত্যশি যে সাত জন তারা হলেন- ১. মিজানুর রহমান রানা, ২বারের নির্বাচিত ও বর্তমান চেয়ারম্যান। তিনি সাবেক ছাত্রনেতা। ২০১৬ সালের নির্বাচনে নৌকা প্রতীক নিয়ে জয়লাভ করেন। তিনি বর্তমানে মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।
২. মনিরুজ্জামান মনি মাষ্টার। তিনি গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।
৩. গোলজার হোসেন, কাথুলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতির দায়িত্ব পালন করছেন।
৪. আবুল বাশার, রাজনীতির সাথে জড়িত এবং স্থানীয় আওয়ামীলীগের রাজনীতির সাথে সম্পৃক্ত আছেন। তবে তিনি কোন পদে নেই।
৫. আতিয়ার রহমান, গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন।
৬. শিহাব আলী। সাবেক চেয়ারম্যান মরহুম কাবুল হোসেনের সন্তান। তিনি দলীয় কোন পদে না থাকলেও স্থানীয় আওয়ামীলীগের রাজনীতির সাথে সম্পৃক্ত। তবে তিনি গত নির্বাচনে বিদ্রোহী হিসেবে স্বতন্ত্র নির্বাচন করেছিলেন।
এবং ৭. রাইফেল হোসেন, তিনি স্থানীয় আওয়ামীলীগের রাজনীতির সাথে সম্পৃক্ত।
এই সাত জন মনোনয়ন প্রত্যাশীদের মধ্যে শেষ পর্যন্ত কে নৌকা প্রতিকের চুড়ান্ত প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেন টিকে থাকবেন সেই আলোচনা ও ঘুনোঘেসা চলছে রাস্তাঘাট সহ বিভিন্ন চায়ের দোকান গুলোতে।
তবে বেশ কিছু আওয়ামীলীগ কর্মীর সাথে কথা বলে জানা গেছে, টাকা দিয়ে কেউ মনোনয়ন কিনতে না পারেন সেটা দেখতে। যোগ্য পরিক্ষীত নেতাকেই মনোনয়ন দিতে হবে। বিপদে আপদে সব সময় যাকে খুজে পাওয়া যায়, মানুষের পাশে দাড়ান, নেতাকর্মীদের সুখ দু:খ ভাগ করে নেন আমরা এমন নেতাকে চাই।
গাড়াবাড়ীয়া গ্রামের শিক্ষক রেজাউর রহমান জানান, বিগত দিনে কাথুলী ইউনিয়ন ছিল দাঙ্গা, হাঙা, খুন, ছিনতাই লুটপাটসহ নানা ঝুঁকি নিয়ে ইউনিয়ন বাসি বাস করতো। কিন্তু বর্তমান চেয়ারম্যান মিজানুর রহমান

আসার পর আমরা শান্তিতে বসবাস করতে পারি এবং আলোচিত চেয়ারম্যান নামেও মানুষের মনে যায়গা করে নিয়েছেন। জননেত্রী শেখ হাসিনার সমস্ত অনুদান মানুষের দ্বারে দ্বারে পৌছে দিয়েছেন। এবারেও আমাদের দাবি যেন তাঁকেই আবারো নৌকা দেওয়া হয়। কাথুলি ইউনিয়নের বিভিন্ন মহল জানান। তবে আওয়ামীলীগের নৌকা প্রত্যাশী ব্যাক্তিরা ৭জনই ত্যাগি তবে যোগ্য ব্যাক্তি কে চাই।